| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | | কর্মপরিকল্পনা অনুযায়ী কোয়ার্টারভিত্তিক সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ১ম সভা চট্টগ্রাম ও সিলেট বিভাগের জেলা শিক্ষা অফিসারগণের সাথে অনুষ্ঠিত হয়েছে। ২য় সভা রংপুর ও বরিশাল বিভাগের জেলা শিক্ষা অফিসারগণের সাথে আগামী ২৬ অক্টোবর, ২০২২ তারিখে অনুষ্ঠিত হবে। বিগত ১৬ অক্টোবর, ২০২২ তারিখ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে।<br>এনটিআরসিএ’র কার্যালয়ে মহিলা কর্মকর্তা ও কর্মচারীদের পৃথক ওয়াশরুমের ব্যবস্থা গ্রহণ কার্যক্রম ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। যা যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।<br>ডেঙ্গু ও করোনার প্রভাব বিস্তার রোধে ব্যক্তিগত ও কর্মক্ষেত্রের স্ব-স্ব স্থানসহ অফিসের পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার লক্ষ্যে গৃহীত পরিষ্কার-পরিচ্ছন্নতা<br>কর্মসূচিতে সক্রিয়ভাবে সকল কর্মকর্তা ও কর্মচারীর অংশগ্রহণের মাধ্যমে কর্ম-পরিবেশ উন্নতকরণের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | (খ) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন অব্যাহত রাখতে হবে।<br>(গ) এনটিআরসিএ’র কার্যালয়ে পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির লক্ষ্যে তারিখ নির্ধারণ করে পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত অফিস আদেশ জারি করতে হবে এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এ সংক্রান্ত বাস্তবায়ন প্রতিবেদন ও ছবি প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে। | |

